# আবু বকর ও উমর রাদিয়াল্লাহু আনহুমার জীবনের কিছু ঘটনা

বিভাগ/অধ্যায়ঃ উমর রাদিয়াল্লাহু আনহু-এর জীবনের কিছু ঘটনা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

হিজরত

অন্যদের মত উমর রাদিয়াল্লাহু আনহু চুপি চুপি হিজরত করেননি। মক্কা থেকে মদীনায় যাত্রার পূর্বে তিনি প্রথমে কাবা তাওয়াফ করলেন। তারপর সমবেত কুরাইশদের সামনে গিয়ে ঘোষণা করলেন: আমি মদীনায় যাচ্ছি। কেউ যদি তার মাকে পুত্রশোক দিতে চায়, সে যেন এ উপত্যকার অপর প্রান্তে আমার মুখোমুখি হয়। তারপর তিনি মদীনার পথ ধরলেন প্রকাশ্যে। কিন্তু কেউ তাঁকে বাঁধা দেয়ার দুঃসাহস করলো না।

আব্দুল্লাহ ইবন মাসউদ রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, ওমরের ইসলাম গ্রহণ ইসলামের বিজয়। তাঁর হিজরত আল্লাহর সাহায্য এবং তাঁর খিলাফত আল্লাহর রহমত।

Source — https://www.hadithbd.com/books/link/?id=10710

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন